

আর্থিক সাক্ষরতা সপ্তাহ ২০২৫

আর্থিক সাক্ষরতা হলো সচেতনতার সেই আলো, যা আমাদের সঠিকভাবে অর্থ ব্যবস্থাপনার জ্ঞান দেয় এবং ভবিষ্যতের জন্য সুপরিবর্তিত সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এটি শুধুমাত্র ব্যক্তিগত অর্থনৈতিক উন্নয়নেই নয়, বরং সামগ্রিক আর্থিক অন্তর্ভুক্তি ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

এরই ধারাবাহিকতায়, ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি ১৭ থেকে ২৩ মার্চ ২০২৫ পর্যন্ত আর্থিক সাক্ষরতা সপ্তাহ ২০২৫ উদযাপন করছে, যার প্রতিপাদ্য: "Think Before You Follow, Wise Money Tomorrow"

আলোচ্য বিষয়: ফিনফ্লুয়েন্সারস (Finfluencers)- Financial Influencers

বর্তমানে Finfluencers- Financial Influencers দের পরামর্শ বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। তবে মনে রাখতে হবে, "ফিনফ্লুয়েন্সারের পরামর্শ মানেই সঠিক সিদ্ধান্ত নয়!" বিনিয়োগের আগে তথ্য যাচাই করা, নিজের আর্থিক লক্ষ্য বিবেচনা করা এবং সুপরিবর্তিত সিদ্ধান্ত নেওয়া অত্যন্ত জরুরি।

ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি আপনার বিনিয়োগের সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

সচেতন থাকুন, নিরাপদ বিনিয়োগ নিশ্চিত করুন।

#FinancialLiteracyWeek2025 #ThinkBeforeYouFollow #WiseMoneyTomorrow
#NationalHousingFinancePLC

✓ **Financial Influencers বা Finfluencers দের আর্থিক পরামর্শ কি সবসময় সঠিক হয়?**
Finfluencers (Financial Influencers) বলতে বোঝায় সামাজিক মাধ্যম বা সোশ্যাল মিডিয়ায় (যেমন: YouTube, Facebook, Twitter) অর্থ-সম্পর্কিত পরামর্শদাতাদের, যারা বিনিয়োগ, ঋণ, সঞ্চয়, এবং খরচের বিষয়ে বিভিন্ন মতামত দিয়ে থাকেন। তবে এই পরামর্শদাতারা সবসময় নিরপেক্ষ নন। অনেকেই ব্র্যান্ড বা কোম্পানির স্পন্সরশিপ পান এবং সেই অনুযায়ী পরামর্শ দেন।

✓ **Finfluencers থেকে আর্থিক পরামর্শ গ্রহণের ক্ষেত্রে সমস্যা কী?**
> কিছু Finfluencers পণ্যের বিজ্ঞাপন দেন, কিন্তু সেটি সত্যিই ভালো কি না, তা উল্লেখ করেন না।
> অনেকে নিজেই বিনিয়োগ সম্পর্কে জানেন না, কিন্তু মানুষকে ভুল পথে পরিচালিত করেন।
> কিছু Influencers বিশেষ কোম্পানির হয়ে প্রচারণা চালান এবং কমিশন পান।

✓ **সতর্ক থাকার উপায়:**
> সোর্স যাচাই করুন—তিনি কী যোগ্যতা রাখেন?
> উন্মুক্ত প্রচারণা ও স্পন্সরড কন্টেন্টের মধ্যে পার্থক্য বোঝার চেষ্টা করুন।
> একাধিক সূত্র থেকে তথ্য সংগ্রহ করুন এবং নিজের সিদ্ধান্ত নিজেই নিন।

জাটিক সাক্ষরতা



ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি

যে কাউকে অনুসরণ করার আগে ভাবুন—তারা কি সত্যিই আপনার ভালো চায়?
আপনি যা দেখছেন, তা কি সত্য? যাচাই করুন, তারপর সিদ্ধান্ত নিন!
সব ফিনফ্লুয়েন্সার আপনার মঙ্গল চায় না। তাদের লাভের জন্য আপনার ক্ষতি হতে পারে।



Use code CRYPTO4UDE for 20% off to sign up!

Sponsored Content



ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি

আর্থিক সাক্ষরতা সপ্তাহ ২০২৫

আর্থিক সাক্ষরতা হলো সচেতনতার সেই আলো, যা আমাদের সঠিকভাবে অর্থ ব্যবস্থাপনার জ্ঞান দেয় এবং ভবিষ্যতের জন্য সুপরিকল্পিত সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এটি শুধুমাত্র ব্যক্তিগত অর্থনৈতিক উন্নয়নেই নয়, বরং সামগ্রিক আর্থিক অন্তর্ভুক্তি ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

এরই ধারাবাহিকতায়, ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি ১৭ থেকে ২৩ মার্চ ২০২৫ পর্যন্ত আর্থিক সাক্ষরতা সপ্তাহ ২০২৫ উদযাপন করছে, যার প্রতিপাদ্য: "Think Before You Follow, Wise Money Tomorrow"

আলোচ্য বিষয়: Herd Mentality – ‘সবাই যা করছে, তাই কি ঠিক?’

Herd Mentality বা ‘ভিড়ের স্রোতে গা ভাসানো’ এমন এক প্রবণতা যেখানে মানুষ অন্যদের দেখে না বুঝে সিদ্ধান্ত নেয়। অনেকেই না ভেবে বিনিয়োগ বা খরচের সিদ্ধান্ত নেন, শুধুমাত্র কারণ অন্যরাও তা করছেন। এই প্রবণতাকে বলে "Herd Mentality"। যেমন—

- স্টক মার্কেট বা ক্রিপ্টোতে না বুঝে বিনিয়োগ করা
- সবাই লোন নিচ্ছে দেখে আমিও নিয়ে নিচ্ছি
- কোনো ট্রেন্ড বা স্কিমে না বুঝে ঢুকে পড়া

এতে অনেকেই আর্থিক ক্ষতির শিকার হন, কারণ তারা বাস্তবতা যাচাই না করেই অন্যদের অনুসরণ করেন।

ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি আপনার বিনিয়োগের সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

সচেতন থাকুন, নিরাপদ বিনিয়োগ নিশ্চিত করুন।

#FinancialLiteracyWeek2025 #ThinkBeforeYouFollow #WiseMoneyTomorrow
#NationalHousingFinancePLC

অন্যরা যা করছে, তাই কি আপনার জন্য সঠিক?
অথবা, সবাই ভুল করলে আপনিও ভুল করবেন?

বিনিয়োগের
আগে চিন্তা করুন!

"সবাই যা করছে, তাই কি আপনার জন্য ভালো?"



NATIONAL HOUSING
বস্তুগত আস্থা

ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স পিএলসি

২. Herd Mentality – ‘সবাই যা করছে, তাই কি ঠিক?’

Herd Mentality বা ‘ভিড়ের স্রোতে গা ভাসানো’ এমন এক প্রবণতা যেখানে মানুষ অন্যদের দেখে না বুঝে সিদ্ধান্ত নেয়। অনেকেই না ভেবে বিনিয়োগ বা খরচের সিদ্ধান্ত নেন, শুধুমাত্র কারণ অন্যরাও তা করছেন। এই প্রবণতাকে বলে Herd Mentality. যেমন—

- ✓ স্টক মার্কেট বা ক্রিপ্টোতে না বুঝে বিনিয়োগ করা।
- ✓ সবাই লোন নিচ্ছে দেখে আমিও নিয়ে নিচ্ছি।
- ✓ কোনো ট্রেন্ড বা স্কিমে না বুঝে ঢুকে পড়া।

এতে অনেকেই আর্থিক ক্ষতির শিকার হন, কারণ তারা বাস্তবতা যাচাই না করেই অন্যদের অনুসরণ করেন।



✓ Herd Mentality কেন বিপজ্জনক?

- ✓ ১৯৯০-এর দশকে ‘টিউলিপ ক্রাইসিস’ এবং ২০০৮-এর ‘স্টক মার্কেট ক্র্যাশ’-এর মতো ঘটনা ঘটেছে, যেখানে মানুষ না বুঝে বিনিয়োগ করেছিল।
- ✓ আজকাল সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া স্কিমগুলোর ক্ষেত্রে Herd Mentality বেশি কাজ করে, যেমন—ক্রিপ্টোকারেন্সি বা গেট রিচ কুইক’ স্কিম।
- ✓ শুধু অন্যদের দেখে সিদ্ধান্ত নিলে ব্যক্তিগত আর্থিক অবস্থার ক্ষতি হতে পারে।

✓ সতর্ক থাকার উপায়:

- ✓ নিজস্ব আর্থিক লক্ষ্য নির্ধারণ করুন।
- ✓ না বুঝে কোনো কিছুতে বিনিয়োগ করবেন না।
- ✓ লোভনীয় অফার বা ট্রেন্ড অনুসরণ করার আগে যাচাই করুন।

